দৈনিক ইত্তেফাক

JAN. 30 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# যমুনা সেতু বিভাগ ও পরিসংখ্যান বিভাগ বিলুপ্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ মন্ত্রণালয়ের মর্যাদাসম্পন্ন সরকারের দু'টি বিভাগ বিলুপ্ত করা হয়েছে। যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন যমুনা সেতু বিভাগ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান বিভাগ গতকাল মঙ্গলবার হতে বিলুপ্ত হয়ে গেছে। যমুনা সেতু বিভাগ সড়ক ও রেলপথ বিভাগে আর পরিসংখ্যান বিভাগ পরিকল্পনা বিভাগে একীভূত হবে। প্রধানমন্ত্রীর অনুমোদনের পর কেবিনেট ডিভিশন গতকাল আনুষ্ঠানিকভাবে এ সংক্রান্ত আদেশ জারি করেছে। (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## বিলুপ্ত

(প্রথম পৃষ্ঠার পর)

পরিসংখ্যান বিভাগ বিলুপ্ত হবার পর এখন 'পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন কেবল 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো' (বিবিএস) থাকবে যার মহাপরিচালক থাকবেন সরকারের একজন অতিরিক্ত সচিব। আর যমুনা সেতু বিভাগ বিলুপ্ত হবার পর যমুনা সেতু কর্তৃপক্ষ থাকবে। এই কর্তৃপক্ষ যমুনা সেতু রক্ষণাবেক্ষণ করবে। বিলুপ্ত উভয় বিভাগের সচিব ও সচিবের দপ্তরের সংশ্লিষ্ট পক্ষসহ আনুষঙ্গিক পদগুলো বিলুপ্ত হবে। লোকবল অন্যত্র বদলি করা হবে। জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ অনুযায়ী এই সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে প্রকাশ। উল্লেখ্য, বর্তমানে সরকারের মন্ত্রণালয় ও বিভাগের সংখ্যা ৫১টি।